দৈনিক বাংলা

064

তারিখ ১৭/৪/৭৮
পৃষ্ঠা ৩ কলাম ৭

# আন্তর্জাতিক কিরাত প্রতিযোগিতা

আগামী ২৩শে আগস্ট অনুষ্ঠিতব্য মালয়েশিয়া ১৯তম আন্তর্জাতিক কিরাত প্রতিযোগিতায় আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কারী জনাব কারী মোহাম্মদ ইউসুফ বাংলাদেশ থেকে প্রতিনিধিত্ব করছেন। ইতিপূর্বে তিনি মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, মিসর, থাইল্যান্ড, বর্মা ও অন্যান্য ইসলামিক রাষ্ট্রে আন্তর্জাতিক মহফিল ও কিরাত প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন এবং বিশেষ প্রশংসা লাভ করেন। তিনি বাংলাদেশ বেতারের একমাত্র সরকারী কারী এবং বাংলাদেশ জমিয়াতুল কোররার সভাপতি ও অন্যান্য প্রতিষ্ঠানের শীর্ষস্থানীয় ভূমিকায় জড়িত আছেন। তিনি ১৮ই আগস্ট থাই বিমানে কুয়ালালামপুর যাচ্ছেন।